

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।

তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভার কার্যবিবরণী

সভাপতি মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ ২১/১২/২০২২খ্রি.
সভার সময় ১০.০০ ঘটিকা
স্থান জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ
উপস্থিতি সভায় উপস্থিত/অনলাইনে সংযুক্ত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ক-তে সংযুক্ত করা হলো।

সভাপতি সভায় উপস্থিত (পরিশিষ্ট 'ক'-দ্রষ্টব্য) সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করেন। সভাপতি এপিএ চুক্তির সংযোজনী-৮ এ বর্ণিত যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোসাঃ আয়েশা খাতুন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, নাটোর চলতি ২০২২-২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে চুক্তির সংযোজনী-৮-এ গৃহীত কার্যক্রম পাঠ করে শোনান এবং তৎপ্রেক্ষিতে নাটোর জেলার তথ্য অধিকার বিষয়ক বিভিন্ন কার্যক্রমের উপর বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২০২২-২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক গৃহীত কার্যক্রম			
১	[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি	তথ্য প্রাপ্তির আবেদন যথাযথভাবে নিষ্পত্তির লক্ষ্যে ২০ কার্যদিবসে মধ্যে তথ্য প্রদান বা তথ্য প্রদানে অপারগ হলে ১০ কার্যদিবসের মধ্যে যথাযথ নিয়মে জানিয়ে দিতে হবে। উর্ধ্বতন কার্যালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরিত প্রতিবেদন, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত রেজিস্টার প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
২	[২.১] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ	অর্থবছরের প্রথমার্ধে একবার এবং দ্বিতীয়ার্ধে আর একবার সম্পূর্ণ ওয়েবসাইট পরীক্ষা করে হালনাগাদ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে প্রকাশ করতে হবে। ওয়েবসাইট হালনাগাদান্তে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও তাঁর অফিস প্রধান প্রত্যয়ন করবেন এবং উক্ত প্রত্যয়নপত্র প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৩	[২.২] বার্ষিক প্রতিবেদন প্রকাশ	ওয়েবসাইটে কার্যালয়ের তথ্য, উল্লেখযোগ্য কার্যাবলী, সাফল্য, কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, ফোন/মোবাইল নম্বর, ইমেইল এড্রেস, নাগরিকগণের জন্য প্রদত্ত বিশেষ সেবা ইত্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬(৩) ধারা অনুসারে) টাইপ/কম্পোজ করে বা হাতে লিখে আপলোড করতে হবে এবং এতদসংক্রান্ত ওয়েব লিঙ্ক সংরক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৪	[২.৩] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ	নির্ধারিত সময়ের মধ্যে তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত/ হালনাগাদ করতে হবে। অফিসের মাসিক সমন্বয় সভায় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত/ হালনাগাদ এ কার্যক্রমটি সম্পাদনের বর্ণনা করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ

৫	[২.৪] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ	মোট ০৩টি জনসচেতনতামূলক কাজ বাস্তবায়ন করতে হবে। জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রম হিসাবে সভা, সেমিনার, কর্মশালা করা কিংবা প্রচারপত্র বিতরণ করা যাবে। সভা, সেমিনার, কর্মশালার অফিস আদেশ কিংবা প্রচারপত্রের কপি/ ছবি প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৬	[২.৫] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন	কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে তথ্য অধিকার বিষয়ক মোট ০৩টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রমাণক হিসেবে প্রশিক্ষণ আয়োজনের অফিস আদেশ সংরক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৭	[২.৬] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ে তথ্য অধিকার সেবাবন্ধে প্রকাশ	তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন তৈরি করে তা স্ব স্ব ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবন্ধের ওয় লিঙ্কে প্রকাশ করতে হবে। প্রমাণক হিসেবে স্ক্রীণসটসহ ওয়েবসাইটের লিঙ্ক সংরক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৮	বিবিধ	বছরের শুরু হতেই এই সভার সিদ্ধান্তসমূহ সামনে রেখে কাজ করে যেতে হবে যাতে করে এপিএ চুক্তির সকল কাজ সময়মত অর্জন ও প্রমাণক সংরক্ষণ করা সম্ভব হয়।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০৪.২১.৫২৬

তারিখ: ৬ পৌষ ১৪২৯

২১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ২) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর
- ৩) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর
- ৪) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, নাটোর।
- ৫) সহকারী মৎস্য কর্মকর্তা(সকল), নাটোর।



মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা